গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২০৬/২০১৮-২০১৯
ঢাকা, শুক্রবার ০৩ মে ২০১৯, ২০ বৈশাখ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ধেয়ে আসছে ঘূর্ণিঝড় ফণী
মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ৭ নম্বর ও চট্টগ্রাম সমুদ্র বন্দরকে ৬ নম্বর বিপদ সংকেত
২। ঘূর্ণিঝড় ফণী মোকাবিলায় সবাইকে প্রস্তুত থাকার নির্দেশ প্রধানমন্ত্রীর
আজ বাদজুমা দেশের সব মসজিদে দোয়া ও মোনাজাতের আহ্বান প্রধানমন্ত্রীর
৩। ফণী মোকাবেলায় সর্বোচ্চ প্রস্তুতি নেয়া হয়েছে : ত্রাণ প্রতিমন্ত্রী
৪। ঘূণিঝড় ফণী'র ক্ষয়ক্ষতি মোকাবিলায় ও জনগণের নিরাপত্তায় প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৫। ঘূর্ণিঝড় ফণীর আঘাত মোকাবিলায় উপকূলজুড়ে ব্যাপক প্রস্তুতি
সারাদেশে নৌ-চলাচল বন্ধ, নিরাপদ আশ্রয়ে সরে যেতে মাইকিং, মংলা ও চট্টগ্রাম বন্দরের সকল কার্যক্রম স্থগিত
দূর্যোগ মোকাবিলায় সেনাবাহিনী সর্বোচ্চ সতর্কাবস্থায় : সেনাপ্রধান
৬। ১৯ জেলায় সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ
সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল
৭। ঘূর্ণিঝড় ফণীর কারণে আগামীকালের এইচএসসি পরীক্ষা স্থগিত
৮। সরকারি সফরে গত বুধবার লন্ডনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী
জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ বিএনপি : লন্ডনে প্রধানমন্ত্রী
৯। প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের
১০। দেশ গঠনে গণমাধ্যমের বিকাশ ও মুক্তগণমাধ্যম অপরিহার্য : তথ্যমন্ত্রী
১১। তথ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক : দায়িত্বে থাকছেন চলচ্চিত্র অনুদান কমিটির ৪ সদস্য
১২। ভেজালবিরোধী অভিযান জোরদার করা হবে : শিল্পমন্ত্রী
১৩। রমজান উপলক্ষে ভ্রাম্যমাণ ট্রাকে চিনি বিক্রয় উদ্বোধন করলেন শিল্পমন্ত্রী
১৪। স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে জনবল নিয়োগ দেয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী
১৫। ন্যায্যমূল্যে মানসম্পন্ন পণ্য নিশ্চিত করতে ভোক্তাকে সচেতন হতে হবে : বাণিজ্যমন্ত্রী
১৬। ঘরে বসেই মিলবে নক্শা অনুমোদন ও অন্যান্যসেবা :
রাজউকের অটোমেশন কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে গণপূর্তমন্ত্রী
১৭। বঙ্গমাতা আন্তর্জাতিক নারী ফুটবলের ফাইনাল আজ

চলমান পাতা-২

**১। ধেয়ে আসছে ঘূর্ণিঝড় ফণী**

**মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ৭ নম্বর ও চট্টগ্রাম সমুদ্র বন্দরকে ৬ নম্বর বিপদ সংকেত**

হ্যারিকেনের গতি সম্পন্ন অতিপ্রবল ঘূর্ণিঝড় ফণী ধেয়ে আসছে বাংলাদেশের দিকে। আজ ৩ মে শুক্রবার বিকাল নাগাদ ভারতের ওড়িষা-পশ্চিমবঙ্গ উপকূল হয়ে সন্ধ্যায় খুলনা ও তৎসংলগ্ন দক্ষিণ-পশ্চিমাঞ্চল এলাকায় আঘাত হানতে পারে। তবে ক্রমেই এর গতি বাড়বে। ফণীর প্রভাবে অশান্ত ও বিক্ষুব্ধ হয়ে উঠেছে বঙ্গোপসাগর। ইতোমধ্যে মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ৭ নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। এছাড়া চট্টগ্রাম সমুদ্রবন্দরকে ৬ নম্বর বিপদ সংকেত এবং কক্সবাজার সমুদ্র সৈকতকে চার নম্বর বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। আবহাওয়া দফতরের সর্বশেষ বুলেটিনে বলা হয়েছে, ঘূর্ণিঝড় ফণী বাংলাদেশে আছড়ে পড়লে দেশের বিভিন্ন এলাকার দ্বীপ ও চরাঞ্চলসহ নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৫-৬ ফুট বেশি উচ্চতার জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। ঘূর্ণিঝড় ফণী মোকাবিলায় সবাইকে প্রস্তুত থাকার নির্দেশ প্রধানমন্ত্রীর**

**আজ বাদজুমা দেশের সব মসজিদে দোয়া ও মোনাজাতের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গোপসাগরে সৃষ্ট অতি প্রবল ঘূর্ণিঝড় ফণীর কারণে যে কোনো দুর্যোগ মোকাবিলায় উপকূলীয় এলাকায় সরকারি কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি আওয়ামী লীগ ও এর সহযোগী-ভ্রাতৃপ্রতীম সংগঠনগুলোর নেতাকর্মীদের প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। গতকাল (২ মে বৃহস্পতিবার) প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন। একই সঙ্গে ঘূর্ণিঝড় ফণী'র কবল থেকে মহান আল্লাহ তায়ালা যেন দেশবাসীকে রক্ষা করেন, সেজন্য আজ ৩ মে শুক্রবার বাদজুমা দেশের সব মসজিদে দোয়া ও মোনাজাতের আহ্বান জানিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী ফণীর বিষয়ে সার্বক্ষণিক খোঁজখবর রাখছেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান বলেন, আজ সন্ধ্যায় ঘূর্ণিঝড় ফণী'র বাংলাদেশ উপকূলে আঘাত হানার কথা রয়েছে, এ অতি প্রবল ঘূর্ণিঝড় থেকে আল্লাহ যেন দেশবাসীকে রক্ষা করেন, সেজন্য প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বাদজুমা সারা দেশের মসজিদে দোয়া অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.)।

**৩। ফণী মোকাবেলায় সর্বোচ্চ প্রস্তুতি নেয়া হয়েছে : ত্রাণ প্রতিমন্ত্রী**

ঘূর্ণিঝড় ফণী মোকাবিলায় সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন দুর্যোগ ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান। গতকাল (২ মে বৃহস্পতিবার) বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ জার্নালিস্ট ফোরামের (বিসিজেএফ) সঙ্গে মতবিনিময়কালে তিনি বলেন, উপকূলের মানুষদের নিরাপদ আশ্রয়ে রাখার জন্য ৪০ হাজার ৭১ আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। এসব আশ্রয়কেন্দ্রে সোলারের মাধ্যমে বিদ্যুৎ, সুপেয় পানি ও শুকনো খাবারের ব্যবস্থা করা হয়েছে। উদ্ধার কাজে সহায়তার জন্য সেনাবাহিনীকে প্রস্তুত রাখা হয়েছে। সেই সঙ্গে প্রস্তুত রয়েছে নৌবাহিনী ও কোস্টগার্ড। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.২)।

**৪। ঘূর্ণিঝড় ফণী'র ক্ষয়ক্ষতি মোকাবিলায় ও জনগণের নিরাপত্তায় প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

ঘূর্ণিঝড় 'ফণী'র সম্ভাব্য ক্ষয়ক্ষতি মোকাবিলায় ও উপকূলীয় জেলার জনগণের নিরাপত্তায় ফায়ার সার্ভিসসহ সরকারের সংশ্লিষ্ট সব বিভাগ প্রয়োজনীয় প্রস্তুতি নিয়েছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, উপকূলীয় সব জেলায় সভা হচ্ছে। উপজেলাগুলোতেও সভা হচ্ছে। সবগুলো উপজেলায় কী করতে হবে সে বিষয়েও সরকার ভালোভাবে জানিয়ে দিচ্ছে যাতে ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে আনা যায়। গতকাল (২ মে বৃহস্পতিবার) সচিবালয়ে 'অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে করণীয় নির্ধারণ' সংক্রান্ত এক সভায় স্বরাষ্ট্রমন্ত্রী একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৫। ঘূর্ণিঝড় ফণীর আঘাত মোকাবিলায় উপকূলজুড়ে ব্যাপক প্রস্তুতি**

**সারাদেশে নৌ-চলাচল বন্ধ, নিরাপদ আশ্রয়ে সরে যেতে মাইকিং, মংলা ও চট্টগ্রাম বন্দরের সকল কার্যক্রম স্থগিত**

**দুর্যোগ মোকাবিলায় সেনাবাহিনী সর্বোচ্চ সতর্কাবস্থায় : সেনাপ্রধান**

শক্তিশালী ঘূর্ণিঝড় ফণীর আঘাত মোকাবিলায় দেশের উপকূলীয় এলাকাজুড়ে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। গতকাল (২ মে বৃহস্পতিবার) থেকেই মোংলা ও চট্টগাম বন্দরের সকল কার্যক্রম বন্ধ রাখা রয়েছে। বহির্নোঙ্গরে পাঠানো হয়েছে সকল জাহাজ। সাগর প্রচণ্ড উত্তাল হয়ে উঠেছে। অভ্যন্তরীণ রুটে সকল প্রকার নৌযান চলাচল বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। উপকূলীয় এলাকায় লাল পতাকা টানিয়ে মাইকিং করে লোকজনকে নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হচ্ছে। বিভিন্ন জেলা-উপজেলায় নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে। সাইক্লোন শেল্টার বা আশ্রয় কেন্দ্র এবং স্বেচ্ছাসেবক বাহিনী প্রস্তুত রাখা হয়েছে। ১৯ জেলায় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সকল কর্মীর ছুটি বাতিল করা হয়েছে। সেনাবাহিনী প্রধান জেনারেল আব্দুল আজিজ আহমেদ বলেছেন, ঘূর্ণিঝড় ফণী মোকাবেলায় সেনাবাহিনীকে সর্বোচ্চ সতর্কাবস্থায় রাখা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

৬। **১৯ জেলায় সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ**
**সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল**

ঘূর্ণিঝড় ফণী থেকে জানমাল রক্ষায় সরকার সব ধরনের প্রস্তুতি নিয়েছে। ইতোমধ্যে উপকূলীয় জেলার সব সরকারি কর্মকর্তা-কর্মচারীর ছুটি বাতিল করা হয়েছে। নৌ-বন্দরের কার্যক্রম স্থগিত রাখতে বলা হয়েছে। ফেরি-নৌরুট বন্ধ করে দেয়া হয়েছে। উপকূলে বসবাসকারী সকল মানুষকে নিরাপদে সরিয়ে নেওয়া হচ্ছে। সেনা, নৌ ও বিমান বাহিনী, ফায়ার সার্ভিস এবং বেসরকারি স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা হয়েছে। উপকূলীয় সব জেলার শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ করে দেয়া হয়েছে। গতকাল (২ মে বৃহস্পতিবার) ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমানের নেতৃত্বে সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা হয়েছে। সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়ের সচিবরা এতে উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে মুখ্য সচিব নজিবুর রহমান ও মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এবং ত্রাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব শাহ কামাল পৃথকভাবে উপকূলীয় জেলার জেলা প্রশাসকের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সার্বক্ষণিক নির্দেশনা দিচ্ছেন। সব মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয়ের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে ফোকাল পয়েন্ট ও কন্টোল রুম খোলা হয়েছে। আজ ৩ মে শুক্রবার সকাল থেকে শুরু করে সন্ধ্যার আগেই ঝুঁকিপূর্ণ এলাকার মানুষদের আশ্রয়কেন্দ্রে আনার কার্যক্রম শেষ করা হবে বলে গতকাল আন্তঃমন্ত্রণালয়ের সভায় সিদ্ধান্ত হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

৭। **ঘূর্ণিঝড় ফণীর কারণে আগামীকালের এইচএসসি পরীক্ষা স্থগিত**

ঘূর্ণিঝড় ফণী'র কারণে আগামীকাল ৪ মে শনিবারের সকল শিক্ষা বোর্ডের এইচএসসির সব বিভাগের পরীক্ষা স্থগিত করা হয়েছে। ৪ মের পরীক্ষা আগামী ১৪ মে মঙ্গলবার একই সময়ে অনুষ্ঠিত হবে। ঢাকা শিক্ষা বোর্ড থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৮। **সরকারি সফরে গত বুধবার লন্ডনে পৌঁছেছেন প্রধানমন্ত্রী**
**জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ বিএনপি : লন্ডনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গণতান্ত্রিক রাজনীতির অন্যতম একটি অঙ্গ শক্তিশালী বিরোধীদল। তাই গত নির্বাচনে শক্তিশালী বিরোধীদলের আশা করেছিলেন বাংলাদেশের সবাই। দুর্ভাগ্যজনক হলেও সত্য যে, বিএনপি জনগণের সে প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে। এজন্য বিএনপিই দায়ী। স্থানীয় সময় গত ১ মে বুধবার বিকেলে লন্ডনের হোটেল স্যুটে যুক্তরাজ্য আওয়ামী লীগের শীর্ষনেতারা সাক্ষাৎ করতে গেলে এ মন্তব্য করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সরকারি সফরে গত বুধবার লন্ডন পৌঁছেছেন প্রধানমন্ত্রী। স্থানীয় সময় বিকেলে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে লন্ডনের হিথ্রো বিমানবন্দরে অবতরণ করে। যুক্তরাজ্যে বাংলাদেশের হাইকমিশনার বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। টানা তৃতীয়বার ক্ষমতায় আসার পর প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটাই প্রথম যুক্তরাজ্য সফর। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

৯। **প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মোবাইল ফোনে কথা বলেছেন সিঙ্গাপুরে চিকিৎসাধীন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গত ১ মে বুধবার তাঁদের এ ফোনালাপ হয়। এ সময় প্রধানমন্ত্রী তাঁর শারীরিক অবস্থার খোঁজখবর নেন। সেতুমন্ত্রী ওবায়দুল কাদের নিজের বর্তমান শারীরিক অবস্থার বিষয় প্রধানমন্ত্রীকে অবহিত করেন। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী আরো দুই সপ্তাহ সিঙ্গাপুরে অবস্থান করে সম্পূর্ণ সুস্থ হয়ে দেশে আসতে বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

১০। **দেশ গঠনে গণমাধ্যমের বিকাশ ও মুক্তগণমাধ্যম অপরিহার্য : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, গণমাধ্যমের স্বাধীনতা ছাড়া সুন্দর দেশ বা সমাজ গঠন করা সম্ভব নয়। সুন্দর দেশ গঠনে গণমাধ্যমের বিকাশ ও মুক্তগণমাধ্যম অপরিহার্য। সরকারের পক্ষ থেকে গণমাধ্যমের ওপর কোনো ধরনের বাড়তি চাপ সৃষ্টি করা হয়নি। গতকাল (২ মে বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবের উদ্যোগে আয়োজিত 'বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস-গণমাধ্যম চিত্র : পরিপ্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

১১। **তথ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক : দায়িত্বে থাকছেন চলচ্চিত্র অনুদান কমিটির ৪ সদস্য**

তথ্য মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটির সব সদস্য তাদের দায়িত্ব পালন অব্যাহত রাখছেন। যে চার সদস্য পদত্যাগ করার কথা বলছিলেন, গত ১ মে বুধবার তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদের সঙ্গে বৈঠকের পর তাঁরা কমিটিতে তাদের নিজ নিজ দায়িত্ব পালন করে যাবেন বলে মন্ত্রীকে জানান। গতকাল (২ মে বৃহস্পাতিবার) তথ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৯,ক.৪)।

**১২। ভেজালবিরোধী অভিযান জোরদার করা হবে : শিল্পমন্ত্রী**

গত দুই মাসে ইফতার ও সেহরির জন্য ব্যবহৃত ২৭ ধরনের খাদ্যপণ্যের ৪০৬টি নমুনা সার্ভিল্যান্স টিমের মাধ্যমে বাজার থেকে সংগ্রহ করে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশনের (বিএসটিআই) ল্যাবরেটরিতে পরীক্ষা করা হয়েছে। এ নমুনার মধ্যে ৩১৩টির ফল পাওয়া গেছে, যার মধ্যে ৫২টি নিম্নমানের পণ্য। এর মধ্যে দেশের নামীদামি ব্র্যান্ডও রয়েছে। এসব প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিস দেয়া হয়েছে। গতকাল (২ মে বৃহস্পতিবার) শিল্প মন্ত্রণালয়ে 'পবিত্র রমজান মাস উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যের মান নিয়ন্ত্রণে বিএসটিআই গৃহীত কার্যক্রম' শীর্ষক সংবাদসম্মেলনে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এ কথা জানান। আগামীতে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি। শিল্পমন্ত্রী আরো বলেন, বিএসটিআই বছর জুড়ে দেশব্যাপী ভ্রাম্যমাণ আদালত এবং সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করে থাকে। রমজান মাসের পবিত্রতা রক্ষায় বিশেষ অভিযান জোরদার করা হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

**১৩। রমজান উপলক্ষে ভ্রাম্যমাণ ট্রাকে চিনি বিক্রয় উদ্বোধন করলেন শিল্পমন্ত্রী**

রমজান উপলক্ষে ঢাকাসহ সকল বিভাগীয় শহর ও চিনিকলগুলোর গেটে ভ্রাম্যমাণ ট্রাকের মাধ্যমে চিনি বিক্রয় করবে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন। ঢাকার ১৬টি স্থানে এ কার্যক্রম পরিচালনা করা হবে। ট্রাক সেলে প্রতি কেজি প্যাকেটজাত চিনি ৬৫ টাকা এবং মিল গেটে খোলা চিনি ৫০ টাকা দরে বিক্রি করা হবে। শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন গতকাল (২ মে বৃহস্পতিবার) রাজধানীর দিলকুশায় চিনিশিল্প ভবনে এ কার্যক্রমের উদ্বোধন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

**১৪। স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে জনবল নিয়োগ দেয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

মানুষের স্বাস্থ্য ও চিকিৎসাসেবা নিশ্চিত করতে বর্তমান সরকার জনবল নিয়োগ ও চিকিৎসা উপকরণ সরবরাহ জোরদার করেছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের স্বাস্থ্যসেবার উন্নয়ন অব্যাহত রয়েছে। উন্নয়নের ধারা আরও ত্বরান্বিত করতে নতুন নতুন উদ্যোগ নেওয়া হয়েছে। বিতরণ করা হয়েছে এ্যাম্বুলেন্স ও অন্যান্য যানবাহন। প্রতিটি সরকারি হাসপাতালে বিনামূল্যে দেওয়া হচ্ছে বিভিন্ন জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসাসেবা। গতকাল (২ মে বৃহস্পতিবার) রাজধানীর কেন্দ্রীয় ঔষধাগার প্রাঙ্গণে এ্যাম্বুলেন্স ও জীপ গাড়ির চাবি হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।

**১৫। ন্যায্যমূল্যে মানসম্পন্ন পণ্য নিশ্চিত করতে ভোক্তাকে সচেতন হতে হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনিশ বলেছেন, অন্যায়ভাবে কোনো ভোক্তাকে ঠকানো যাবে না। ন্যায্যমূল্যে মানসম্পন্ন পণ্য নিশ্চিত করতে ভোক্তাকে সচেতন হতে হবে। ভোক্তার অধিকার রক্ষায় দেশব্যাপী অভিযান চালানো হচ্ছে। জেলা, উপজেলা এমন কি ইউনিয়ন পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ করার জন্য কমিটি গঠন করা হয়েছে। আগের চেয়ে এখন ভোক্তা অনেকটা সচেতন হয়েছে। তিনি বলেন, আমরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য দুর্নীতিমুক্ত বাংলাদেশে রেখে যেতে চাই। বাণিজ্যমন্ত্রী গতকাল (২ মে বৃহস্পতিবার) ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর আয়োজিত বিশ্ব ভোক্তা দিবস এর আলাচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**১৬। ঘরে বসেই মিলবে নকশা অনুমোদন ও অন্যান্যসেবা :**
**রাজউকের অটোমেশন কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, একই সঙ্গে এখন থেকে ভবনের নক্‌শা অনুমোদন ও ভূমি ব্যবহার ছাড়পত্রসহ অন্যান্য সকল সেবা অনলাইনেই প্রদান করা হবে। দীর্ঘসূত্রতা বন্ধ করতে আর নাগরিক হয়রানির অবসানে সেবা সহজ করার জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) সকল কাজ দ্রুত করতেই অনলাইনে সেবা চালু করা হয়েছে। পর্যায়ক্রমে গণপূর্ত মন্ত্রণালয়ের সকল বিভাগে এ অনলাইন পদ্ধতি চালু করা হবে বলে জানান তিনি। গতকাল (২ মে বৃহস্পতিবার) রাজউকের ভূমি ব্যবহার ছাড়পত্র ও নির্মাণ অনুমোদন অটোমেশন কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫)।

**১৭। বঙ্গমাতা আন্তর্জাতিক নারী ফুটবলের ফাইনাল আজ**

বঙ্গমাতা আন্তর্জাতিক (অনূর্ধ্ব১৯) নারী ফুটবল টুর্নামেন্টের ফাইনাল আজ ৩ মে শুক্রবার স্বাগতিক বাংলাদেশ এবং লাওস মুখোমুখি হবে। বঙ্গবন্ধু স্টেডিয়ামে ফাইনাল খেলা শুরু হবে আজ সন্ধ্যা ৬টায়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বৃহত্তর চট্টগ্রামে পাহাড় ধসে মৃত্যু প্রতিহতে ১৫ দিনের মধ্যে চট্টগ্রামের ঝুঁকিপূর্ণ ১৭টি পাহাড় অবৈধ দখলমুক্ত করার নির্দেশ কঠোরভাবে বাস্তবায়নের সুপারিশ।

খ. **সমকাল :** বেসরকারি শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড ও বেসরকারি শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট্রের চাঁদার হার বাড়ানোর সিদ্ধান্ত পুনরায় বিবেচনা করার আহ্বান।

গ. **সংবাদ :** গাজীপুরের বায়ুদূষণের পরিমাণ মানমাত্রার চেয়ে কয়েকগুণ বেশি হওয়ায় এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঘ. **ইনকিলাব :** তেলমিশ্রত পানি যেন হালদা নদীতে মিশতে না পারে তার জন্য সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

ঙ. **যুগান্তর, ভোরের কাগজ, ডেইলি সান :** ঘূর্ণিঝড় ‘ফনী’র আঘাত মোকাবিলায় সংশ্লিষ্টদের সম্মিলতভাবে কাজ করার আহ্বান।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অগ্নিনির্বাপণে সরজ্ঞামাদি বিশেষ করে্ স্বয়ংক্রিয় ফায়ার ফাইটিং ব্যবস্থাপনার সরঞ্জামাদির আমদানি কর লাঘব করে আমদানি সহজলভ্য করার ব্যবস্থা করা হলে অগ্নিদুর্ঘটনা থেকে অনেক প্রাণ রক্ষা করা যাবে।

#

ডালিয়া/মরজিনা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা